রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, ফেব্রুয়ারি ১৭, ২০২০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**জননিরাপত্তা বিভাগ**

**আনসার অধিশাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ/১০ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

**এস. আর. ও নং-৩৬-আইন/২০২০।**—আনসার বাহিনী আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ৩নং আইন) এর ধারা ১৩ তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার আনসার বাহিনীর কর্মকর্তাদের পোষাক বিধিমালা, ২০০৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ৪ এর—

(ক) উপ-বিধি (১) এর—

(অ) দফা (ক) এর—

(১) 'গাঢ় কালো' শব্দগুলির পরিবর্তে 'ডীপ স্মোক গ্রে (Deep Smoke Gray)' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) উপ-দফা (অ) এর—

(ক) "অক (OAK)", "গাড় সবুজ", "ধানের" এবং "তলোয়ার" শব্দগুলির পরিবর্তে যথাক্রমে "ওক (Oak)" "ডীপ স্মোক গ্রে (Deep Smoke Gray)", "গমের" এবং "সোর্ড" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) পর নিম্নরূপ উপ-দফা (অঅ) সন্নিবেশিত হইবে, যথাঃ—

"(অঅ) অতিরিক্ত মহাপরিচালক পদের জন্য শক্ত চামড়ার উপরে ক্যাপের সামনের বর্ধিতাংশে সোনালী রং এর জরি দ্বারা তৈরি ওক (Oak) লীফ নকশা এবং ক্যাপের চতুরপার্শ্বে ১$\frac{১}{২}$ ইঞ্চি চওড়াবিশিষ্ট সবুজ মখমল কাপড়ের ব্যান্ড থাকিবে, এবং ক্যাপ ব্যাজ ডীপ স্মোক গ্রে (Deep Smoke Gray) রং এর হইবে এবং তাহার উপরে গমের শীষ দ্বারা পরিবেষ্টিত সোনালী রং এর সোর্ড ও ব্যাটন আড়াআড়িভাবে থাকিবে এবং ক্রসড্ সোর্ড ও ব্যাটনের সংযোগ স্থলের ঠিক উপরিভাগে একটি চারকোণাকৃতির তারকা যাহার মাঝখানে দুইটি পাটপাতাসহ একটি শাপলা ফুল খচিত থাকিবে;";

(৩) উপ-দফা (আ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (আ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(আ) উপ-মহাপরিচালক ও পরিচালক পদের জন্য শক্ত চামড়ার উপরে ক্যাপের সামনের বর্ধিতাংশে সোনালী রং এর জরি দ্বারা তৈরি ওক (oak) লীফ নকশা সীমিত থাকিবে এবং ক্যাপের চতুরপার্শ্বে ১$\frac{১}{২}$ ইঞ্চি চওড়া বিশিষ্ট সবুজ মখমল কাপড়ের ব্যান্ড থাকিবে, ক্যাপব্যাজ ডীপ স্মোক গ্রে (Deep Smoke Gray) রং এর হইবে, যাহার উপরে সোনালী রং এর জরি দ্বারা তৈরি একটি চারকোণাকৃতির তারকা গমের শীষ দ্বারা পরিবেষ্টিত থাকিবে এবং চারকোণাকৃতির তারকার মাঝখানে দুইটি পাটপাতাসহ একটি শাপলা ফুল খচিত থাকিবে;

(৪) উপ-দফা (ই) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ই) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(ই) "উপ-পরিচালক ও সহকারী পরিচালক পদের জন্য শক্ত চামড়ার উপরে ক্যাপের সামনের বর্ধিতাংশে সোনালী রং এর জরি দ্বারা তৈরি গমের পুরু শীষ ক্যাপের দুই প্রান্ত হইতে শুরু হইয়া মাঝখানে মুখোমুখি মিশিবে এবং সংযোগস্থলে পাঁচকোণাকৃতির তারকা থাকিবে এবং ক্যাপব্যাজ ডীপ স্মোক গ্রে (Deep Smoke Gray) রং এর হইবে, যাহার উপরে গমের শীষ দ্বারা পরিবেষ্টিত সোনালী জরি দ্বারা তৈরি দুইটি পাটপাতার সহিত একটি শাপলা থাকিবে এবং ক্যাপের চতুরপার্শ্বে $১\frac{১}{২}$ ইঞ্চি চওড়াবিশিষ্ট কালো মখমল কাপড়ের ব্যান্ড থাকিবে।";

(আ) দফা (খ) এর—

(১) উপ-দফা (আ) এর "পরিচালক ও উপ-পরিচালক" শব্দগুলির পরিবর্তে "উপ-পরিচালক ও সহকারী পরিচালক" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে এবং "ধান ও" শব্দগুলি দুইবার উল্লিখিত, বিলুপ্ত হইবে;

(২) উপ-দফা (ই) এর "সিনিয়র সহকারী পরিচালক এবং" শব্দগুলি বিলুপ্ত হইবে এবং "ধান ও" শব্দগুলি, দুইবার উল্লিখিত, বিলুপ্ত হইবে;

(৩) উপ-দফা (ঈ) এর 'ধানের' শব্দগুলির, দুইবার উল্লিখিত, পরিবর্তে "গমের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ই) দফা (গ) এর "জলপাই" শব্দটির পরিবর্তে "বাহিনীর সাধারণ পোষাকের অনুরূপ রং/অলিফ গ্রীন/বাহিনীর কম্ব্যাট" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) বিধি ৭ এর উপ-বিধি (১) এর দফা (ছ) এর "সিনিয়র সহকারী পরিচালক" শব্দগুলির পরিবর্তে "সহকারী পরিচালক" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৩) বিধি ৮ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৮ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"৮। **আনুষ্ঠানিক পোষাক**।—(১) এই বিধিমালা অন্যান্য বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, আনসার বাহিনীর প্রথম শ্রেণির কর্মকর্তাগণের আনুষ্ঠানিক পোষাক হইবে নিম্নরূপ, যথা :—

(ক) কাপড়ঃ ডীপ স্মোক গ্রে (Deep Smoke Gray) রং এর কাপড়, সূতা পলিস্টার ও কটন মিশ্রিত;

(খ) শার্টের বিবরণ :

(অ) একই কাপড়ের কাঁধে শোল্ডার, বুক পকেট দুইটি এবং নীচের পকেট দুইটি; শার্টের সামনের দিক খোলা এবং আস্তিনসহ (Cuff) ফুলহাতা; শার্টের সামনের দিকে নিচের অংশে কোমর (Waist Line) বরাবর সোজা ঢাকনাসহ দুইটি ঝুলন্ত (Hanging) পকেট থাকিবে, পকেটের দৈর্ঘ্য ২১.৫ সে.মি. (৮$\frac{১}{২}$ ইঞ্চি) এবং প্রস্থ ১৮ সে.মি. (৭ ইঞ্চি) হইবে এবং পকেটের ঢাকনার দৈর্ঘ্য ৭.৫ সে.মি. (৩ ইঞ্চি) এবং প্রস্থ ১৮ সে.মি. (৭ ইঞ্চি) হইবে এবং ঢাকনার সহিত পকেটের দুই কোণায় দুইটি চাপ দিয়ে আটকানো যায় এমন দুইটি বোতাম (Press Stud) থাকিবে যাহা বাহির হইতে দেখা যাইবে না;

(আ) পকেটের উপরে মাঝ বরাবর ভাঁজ দেওয়া প্লিট (Pleat) থাকিবে; বুক পকেটের দৈর্ঘ্য ১৪.৫ সে.মি. (৫$\frac{৩}{৪}$ ইঞ্চি) এবং প্রস্থ ১৩ সে.মি. (৫ ইঞ্চি)। ঢাকনার দৈর্ঘ্য ৪ সে.মি. (১$\frac{১}{২}$ ইঞ্চি) প্রস্থ ১৩ সে.মি. (৫ ইঞ্চি) এবং ঢাকনার মধ্যবিন্দুর (Center) দৈর্ঘ্য হইবে ৬ সে.মি. (২$\frac{১}{৪}$ ইঞ্চি);

(ই) শার্টের দুই পাশে নীচ হইতে শুরু করিয়া ২৩ সে.মি. (৯ ইঞ্চি) খোলা থাকিবে;

(ঈ) শার্টের পিছনের দিকে ঠিক মাঝখানে সেলাই বরাবর একটি ভাঁজ দেওয়া প্লিট (Pleat) থাকিবে এবং এর নীচ দিকের প্রান্ত হইতে ২০ সে.মি. (৮ ইঞ্চি) খোলা থাকিবে;

(উ) ১৭৩ সে.মি (৫ ফিট ৮ ইঞ্চি) পর্যন্ত উচ্চতাবিশিষ্ট কর্মকর্তার শার্টের সামনের কলারের প্রস্থ হইবে ৮.২৫ সে.মি. (৩$\frac{১}{৪}$) এবং ১৭৩ সে.মি. (৫ ফিট ৮ ইঞ্চি) এর বেশি উচ্চতার কর্মকর্তার জন্য সামনের কলারের প্রস্থ হইবে ৮.৯০ সে.মি. (৩$\frac{১}{২}$ ইঞ্চি);

(ঊ) কাঁধের স্ট্র্যাপের প্রস্থ (Shoulder Straps) হইবে ৬.৫ সে.মি. (২$\frac{১}{২}$ ইঞ্চি) এবং দৈর্ঘ্য হইবে সমানুপাতিক;

(ঋ) সকল পকেটের ঢাকনার (Flaps) বোতামের ঘরগুলো (Bottom edge) হাতে সেলাই করা থাকিবে;

(এ) ফরমেশন সাইন শার্টের সহিত সেলাই করা থাকিবে;

(ঐ) আনসার মনোগ্রাম খচিত দেড় সেন্টিমিটার ব্যাসবিশিষ্ট পিতলের উপর সাদা নিকেল করা ছোট বোতাম, চার পকেটে চারটি এবং সোল্ডারে একটি করিয়া দুইটি;

(ও) আনসার মনোগ্রাম খচিত দুই সেন্টিমিটার ব্যাসবিশিষ্ট পিতলের উপর সাদা নিকেল করা বড় বোতাম, শার্টের বুক পেটে চারটি;

(গ) ফুল প্যান্ট : একই কাপড়ের ফুল প্যান্ট সাইড পকেট দুইটি, পিছনের হিপ পকেট একটি এবং প্যান্ট ছোট বড় করিবার জন্য দুই দিকে কাপড়ের হুক বেল্ট থাকিবে;

(ঘ) জুতাঃ ৫ ছিদ্রযুক্ত কালো অক্সফোর্ড জুতা; এবং

(ঙ) মোজাঃ কালো মোজা।

(২) সাধারণভাবে অনুষ্ঠান ব্যতিরেকে কোনো মেডেল পরা যাইবে না, ইহা ছাড়া পূর্ণ আকৃতির ব্যাজেজ অব র‌্যাংক পড়িতে হইবে, তবে সোল্ডার টাইটেল পরা যাইবে না।

(৩) যে সকল কর্মকর্তার জর্জেট প্রাধিকৃত নয় সেই সকল কর্মকর্তা বাহিনীর লোগোর অনুরূপ ক্ষুদ্রাকৃতির ব্যাজ পরিধান করিবেন।

(৪) যে কোনো আউটডোর অনুষ্ঠানে এই বিধিতে উল্লিখিত আনুষ্ঠানিক পোষাক পূর্ণ আকৃতির মেডেলসহ পরিধান করিতে হইবে এবং ইনডোর অনুষ্ঠানে শুধু রিবন ও পিক ক্যাপ ব্যবহার করিতে হইবে এবং উভয় ক্ষেত্রেই এগিউলেট (Aiguillette) ব্যবহার করিতে হইবে।

(৫) আনুষ্ঠানিক ও দিনের পোষাকের শার্টের বাম পার্শ্বের বুক পকেটের উপরিভাগে আদেশ দ্বারা নির্ধারিত মেডেল বার ও সার্ভিস বার হিসাবে রিবন, ইহা ছাড়াও প্রাধিকৃত ইনসিগনিয়া ব্যবহার করিবে।

(৬) প্রেষণে আগত কর্মকর্তাগণ বাংলাদেশ আনসার বাহিনীর অনুষ্ঠানসমূহে বাংলাদেশ আনসার বাহিনীর আনুষ্ঠানিক পোষাক পরিধান করিবেন, তবে প্রয়োজনে নিজ নিজ বাহিনীর আনুষ্ঠানিক পোষাক পরিধান করিতে পারিবেন।"; এবং

(৪) বিধি ৯ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৯ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"৯। মেস্ কিট (Mess Kit)।—(১) বাংলাদেশ আনসার বাহিনীর অথবা অন্য বাহিনীর যেকোনো আনুষ্ঠানিক নৈশভোজ (Dinner) যেখানে মহাপরিচালক বা সমমর্যাদাসম্পন্ন বা তদূর্ধ্ব কর্মকর্তা অথবা সরকার প্রধান বা রাষ্ট্রপ্রধান 'প্রধান অতিথি' হিসেবে উপস্থিত থাকেন, সেইরূপ অনুষ্ঠানে অংশগ্রহণকারী সকল প্রথম শ্রেণির কর্মকর্তা অন্যরূপে আদেশপ্রাপ্ত না হইলে মেস্ কিট (Mess Kit) পরিধান করিবেন।

(২) মেস্ কিট নিম্নরূপ হইবে, যথা :—

(ক) কাপড় : মেস কিটের শার্ট ও ট্রাউজারের কাপড় আনুষ্ঠানিক পোষাকের কাপড়ের অনুরূপ হইবে, তবে মেস্ কিটের শার্টের রং হইবে সাদা এবং ট্রাউজারের রং হইবে আনুষ্ঠানিক পোষাকের রং এর অনুরূপ;

(খ) শার্ট ও ট্রাউজারের বিবরণ: মেস্ কিটের শার্ট ও ট্রাউজারের ধরন (Pattern) আনুষ্ঠানিক পোষাকের অনুরূপ হইবে;

(গ) র‍্যাংক ব্যাজ, রিবন ও অন্যান্য : মেস্ কিটের শার্টের দুই শোল্ডারে অ্যাপুলেট (Epaulette) থাকিবে যাহার নিচের অংশ রূপালি এবং

উপরের অংশ সোনালি রং এর জরি দ্বারা বিশেষভাবে প্রস্তুতকৃত হইবে; র‍্যাংক ব্যাজ ও মেডেল অপেক্ষাকৃত ক্ষুদ্রাকৃতির হইবে এবং এগিউলেট (Aiguillette) পরিধান করিতে হইবে;

(ঘ) মেস্ কিটের ক্যাপ: আনুষ্ঠানিক পোষাকের সহিত ব্যবহার্য্য পদবি অনুযায়ী একই পিক ক্যাপ পরিধান করিতে হইবে; এবং

(ঙ) জুতা ও মোজা : ০৫ (পাঁচ) ছিদ্রযুক্ত কালো রং এর অক্সফোর্ড জুতা এবং কালো রং এর মোজা পরিধান করিতে হইবে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোস্তাফা কামাল উদ্দীন**
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd